



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা- ১২০৭
ফোন: +৮৮-০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৪.২২.২৩৮(১০০+)

তারিখ: ১৭.১০.২০২২খ্রি.

প্রিয় মহোদয়,

আমার আন্তরিক শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করে সমবায়ের গুরুত্ব সকল শ্রেণির মানুষের নিকট তুলে ধরার উদ্দেশ্যে প্রতিবছর জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়ে আসছে। এ বছর ৫ নভেম্বর ২০২২ তারিখে ৫১-তম জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অন্যতম উন্নয়ন দর্শন ছিল সমবায়, যা আর্থ-সামাজিক উন্নয়নের একটি পরীক্ষিত পদ্ধতি। সমবায়ের এই গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশের সংবিধানে বঙ্গবন্ধু সমবায়কে মালিকানার ২য় খাত হিসেবে নির্ধারণ করেছিলেন। জাতির পিতা এক ভাষণে বলেছিলেন, “আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।” এই ধারাবাহিকতায় এবারের জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে ‘বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন’ যা অত্যন্ত সময়োপযোগী।

কেন্দ্রীয়ভাবে দিবসটি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উদযাপিত হবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। একইসাথে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়েও দিবসটি উদযাপিত হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের মেয়র, প্রতিমন্ত্রী, হুইপ, উপমন্ত্রী, স্থানীয় সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা, সফল সমবায়ী, বিশিষ্ট শিক্ষাবিদ, সামাজিক আন্দোলন ও দেশের অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডের সাথে নিয়োজিত বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করার মাধ্যমে অনুষ্ঠানের তাৎপর্য ও গুরুত্ব বৃদ্ধি করা যেতে পারে।

আমি বিশ্বাস করি, আপনার আন্তরিক ও সক্রিয় সহযোগিতা এবং যোগ্য নেতৃত্বে আপনার উপজেলায় ৫১-তম জাতীয় সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন সুখী ও সমৃদ্ধ সোনার বাংলা গঠনে সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারী এবং সমবায়ীগণকে অনুপ্রাণিত করার আপনার প্রচেষ্টা একটি প্রযুক্তি নির্ভর জ্ঞানভিত্তিক সমাজ গঠনে অগ্রণী ভূমিকা রাখবে।

শুভেচ্ছান্ত,

আন্তরিকভাবে আপনার

১০/১১

ড. তরুণ কান্তি শিকদার

জনাব

উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....